

জুম প্ল্যাটফর্মে (অনলাইনে) অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোল্লা এমদাদুল্লাহ, জেলা মৎস্য কর্মকর্তা, পটুয়াখালী।
সভার তারিখ ও সময় : ১৭/০৮/২০২১ খ্রি. এবং সময়ঃ দুপুরঃ ১২.০০ ঘটিকা।

সভায় সকল উপজেলার কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সভায় সভাপতি মহোদয় অনলাইনে সংযুক্ত সকল কর্মকর্তাকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমেই সভাপতি মহোদয় চলমান কার্যক্রম সম্পর্কে জানতে চাইলে সকলেই সরকারি সকল কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করছেন বলে জানান। সভায় চলমান কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনার পরে সভাপতি মহোদয় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন।

১. সমুদ্রগামী জেলেদের তালিকা হালনাগাদঃ জেলা প্রশাসক, পটুয়াখালী মহোদয় এর জুলাই/২০২১ খ্রি.মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার কার্যবিবরণী এবং আগস্ট/২০২১ খ্রি.মাসের জেলা উন্নয়ন সমন্বয় কমিটির সভার আলোচনা অনুযায়ী আগামী ১৫/১০/২০২১ খ্রি. তারিখের মধ্যে সমুদ্রগামী জেলেদের তালিকা হালনাগাদ কার্যক্রম শেষ করার জন্য অনুরোধ জানান।

২. বিভাগীয় সভায় যোগদানঃ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব শ ম রেজাউল করিম, এমপি আগামী ১৮/০৮/২০২১ খ্রি. তারিখ সকাল ১০.০০ ঘটিকায় মৎস্যবীজ উৎপাদন খামার, কাশিপুর, বরিশাল এ ইউনিয়ন পর্যায়ে মৎস্যচাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) (২য় সংশোধিত) প্রকল্পের বরিশাল বিভাগের ২০১৯ - ২০ অর্থ বছরে প্রকল্পের মূল্যায়ন এবং ২০২০ - ২১ অর্থ বছরের প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। উক্ত সভায় যথাসময়ে সকলকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়।

৩. ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পঃ

ক) চলমান ইলিশ প্রকল্পের আওতায় পটুয়াখালী জেলার সকল উপজেলায় বৈধ জাল বিতরণ করা হবে। উপজেলা কমিটি গ্রাম/এলাকা নির্বাচন করে জেলা মৎস্য দপ্তরে তালিকা প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। গ্রাম/এলাকা নির্বাচনের ক্ষেত্রে যে সমস্ত বিষয় বিবেচনা রাখতে হবে তা নিম্নরূপঃ


- যে সমস্ত এলাকায় জেলে বেশি সে সমস্ত এলাকা।
- ইলিশ জেলে বেশি সে সমস্ত এলাকা।
- অভয়াশ্রম এলাকা অগ্রাধিকার দিতে হবে।
- অবৈধ জাল (বেহন্দি, কারেন্ট জালসহ অন্যান্য অবৈধ জাল) বেশি ব্যবহার করে সে সমস্ত এলাকা।

খ) পটুয়াখালী জেলায় বরাদ্দকৃত ০৮ টি জালই বাউফল উপজেলায় বিতরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

গ) কলাপাড়া ও গলাচিপা উপজেলার ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্প এর আওতায় ইলিশ অভয়াশ্রমে পাহারাদার নির্বাচনের তালিকা পাওয়া যায়নি। তাই উক্ত তালিকা জরুরী ভিত্তিতে প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়।

৪. জাতীয় মৎস্য সপ্তাহ - ২০২১ খ্রিঃ জাতীয় মৎস্য সপ্তাহ - ২০২১ খ্রি. সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসারদের সাথে সমন্বয় করে কর্মসূচী বাস্তবায়ন করতে হবে। জাতীয় মৎস্য সপ্তাহ - ২০২১ খ্রি. এর মধ্যে “ইলিশ সম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা প্রকল্পের” উপকরণ বিতরণ করার জন্য নির্দেশ দেয়া হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(মোল্লা এমদাদুল্লাহ)
জেলা মৎস্য কর্মকর্তা
পটুয়াখালী।

পত্র নং-৩৩.০২.৭৮০০.৪০০.৩৪.১২২.১৮-৪৮৩/১(১০)

তারিখঃ ১৭/০৮/২০২১খ্রি.

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২. উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।
৩. সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা, পটুয়াখালী সদর/কলাপাড়া/বাউফল/গলাচিপা/মির্জাগঞ্জ/দশমিনা/দুমকী/রাঙ্গাবালী, পটুয়াখালী।
৪. সংশ্লিষ্ট নথি।



(মোল্লা এমদাদুল্লাহ)
জেলা মৎস্য কর্মকর্তা
পটুয়াখালী।